

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স - ৫০১(আগরতলা, ১৯।৫)  
খোয়াই, ১৯ মে ২০১৭

চাকমাঘাট ও তুইসিন্দ্রাই পঞ্চায়েতে নানা উন্নয়ন কাজ

চতুর্দশ অর্থ কমিশনের প্রাপ্ত অর্থে তেলিয়ামুড়া ব্লকের তুইসিন্দ্রাই পঞ্চায়েতে রাজীব গান্ধী সেবা কেন্দ্রের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ চলছে। এতে ব্যয় হবে ৪ লক্ষ ৩৫ হাজার ৫৬৬ টাকা। এছাড়া, উক্ত কমিশনের অর্থে ৩ লক্ষ ৩০ হাজার ৫৩৯ টাকা ব্যয়ে পঞ্চায়েত এলাকায় একটি পাকা ড্রেইন নির্মাণ করা হচ্ছে। ত্রয়োদশ অর্থ কমিশনের অর্থে ১ লক্ষ ৪৫ হাজার টাকা ব্যয়ে একটি যাত্রী শেড নির্মাণ করা হয়। সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

এদিকে, ব্লকের চাকমাঘাট পঞ্চায়েতে চতুর্দশ অর্থ কমিশনের প্রাপ্ত অর্থে পানীয় জলের সুবিধার্থে ১৫টি হ্যান্ড পাম্প বসানো হয়েছে। এতে ব্যয় হয়েছে ১ লক্ষ ৬৮ হাজার ৩৬০ টাকা। এছাড়া, মিনিষ্ট্র অব ডোনার থেকে প্রাপ্ত ৫০ হাজার টাকায় পঞ্চায়েতের ৭টি ওয়ার্ডে ১টি করে হ্যান্ড পাম্প বসানো হয়েছে। চতুর্দশ অর্থ কমিশনের অর্থে ৩ লক্ষ ১৪ হাজার ৮২৪ টাকা ব্যয়ে পঞ্চায়েত কার্যালয়ে ৩৯ মিটার পাকা ওয়াল নির্মাণ করা হয়েছে। ৪৩ হাজার ৬১ টাকা ব্যয়ে তেলিয়ামুড়া মহকুমা শাসকের কার্যালয় সংলগ্ন স্থানে শৌচালয় সংস্কার করা হয়েছে। পঞ্চায়েত এলাকার উপজাতি যাত্রী নিবাসে শৌচালয় ও রান্নাঘর সংস্কার করা হয়েছে। উক্ত কমিশনের অর্থে এতে ৪৮ হাজার ৪২৫ টাকা ব্যয় হয়েছে। অনুরূপভাবে চাকমাঘাট বাজারে মার্কেট শেড সংস্কার ও ৬০ মিটার পাকা ড্রেইন নির্মাণ করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ১ লক্ষ ১০ হাজার ৭২৫ টাকা। সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

\*\*\*\*\*

This document is a product of SmartPDFConverter.com. To remove this message please purchase the product at www.SmartPDFConverter.com